31 MAY 2016
তারিখ
পৃঃ 8 কলাম 6

# গৌরনদী-আগৈলঝাড়া সমিতি কৃতী শিক্ষার্থীদের সংবর্ধনা দেবে

বরিশালের গৌরনদী ও আগৈলঝাড়া উপজেলার ঢাকায় বসবাসরত ২০১৬ সালের এসএসসি ও ২০১৫ সালের এইচএসসি পরীক্ষায় জিপিএ ৫ প্রাপ্ত কৃতী শিক্ষার্থীদের সংবর্ধনা দেবে গৌরনদী-আগৈলঝাড়া সমিতি। সম্প্রতি রাজধানীর তেজগাঁও শিল্প এলাকার নোভো টাওয়ারে সমিতির কার্যকরী পরিষদের সভায় এ সিদ্ধান্ত হয়। এতে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি সৈয়দ জিয়াউর রহমান নবু। পরিচালনা করেন সাধারণ সম্পাদক মোল্লা বশির আহমেদ পান্না।

সভায় কৃতী শিক্ষার্থীদের একটি ছবি, একাডেমিক ট্রান্সক্রিপ্ট, বর্তমান ও স্থায়ী ঠিকানা এবং মোবাইল নম্বরসহ সভাপতি ও সাধারণ সম্পাদক বরাবরে নিম্নোক্ত ঠিকানায় পাঠাতে বলা হয়েছে। মাসিক বরিশাল পরিক্রমা, রুম নং : এফ-২০ (দ্বিতীয় তলা), শতাব্দী সেন্টার, ২৯২ ফকিরাপুল, ঢাকা-১০০০। অথবা শিক্ষা সম্পাদক মো. মুরাদুল ইলসাম, উপ-সহকারী প্রকৌশলী, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা, বকশীবাজার, ঢাকা, মোবাইল : ০১৭১২১০৭৪৬৫। সভায় ইফতার পার্টি-২০১৬ উদযাপনের সিদ্ধান্তও হয়। সংবাদ বিজ্ঞপ্তি।